**RBI/2004-05/458**
**DCM (Plg.)No.G 40/10.01.00/2004-05**

**৭ মে, ২০০৫**

চেয়ারম্যান/এম-ডি/সি-এম-ডি/সি-ই-ও
সরকারি/বেসরকারি/বিদেশি ব্যাংকসমূহ

মহাশয়/মহাশয়া,

**অতিরিক্ত/সংশোধিত নিরাপত্তা উপাদান সম্পন্ন ভারতীয় পত্রমুদ্রা (ব্যাংক নোট)**

উন্নত প্রকৃতির জাল পত্রমুদ্রা, বিশেষ করে টা.১০০ ও টা.৫০০ -র জাল পত্রমুদ্রার ক্রমবর্দ্ধমান প্রসারের ফলশ্রুতিতে ভারত সরকার আমাদের পত্রমুদ্রাগুলিতে বিদ্যমান নিরাপত্তাউপাদান সমূহকে আরও সশক্ত করার কথা বিবেচনা করার জন্য একটি উচ্চ পর্যায়ের সমিতি গঠন করেছে। সমিতির সুপারিশ গুলি পর্যালোচনা করার পরে এবং সরকারের সম্মতিক্রমে ভারতীয় রিজার্ভ ব্যাংক বিভিন্ন অঙ্কের পত্রমুদ্রায় (ব্যাংকনোট) কিছু অতিরিক্ত নিরাপত্তা উপাদান যোগ করার এবং বিদ্যমান নিরাপত্তা উপাদানগুলিকে আরও উন্নত করার সিদ্ধান্তগ্রহণ করেছে। নূতন/ উন্নত/ অতিরিক্ত নিরাপত্তাগুলি মুদ্রা জাল করার ক্ষেত্রে বাধা হিসাবে কাজ করা ছাড়াও প্রকাশ্য দৃষ্টিগোচর উপাদানগুলিকে আরও স্পষ্ট করে তুলে জনসাধারণকে আসল পত্রমুদ্রা চিনে নিতে সাহায্য করবে।

২। অদূর ভবিষ্যতে অতিরিক্ত/সংশোধিত নিরাপত্তা উপাদান সংবলিত পত্রমুদ্রা প্রচলনের জন্য বাজারে ছাড়ার পরিকল্পনা করা হয়েছে। টা. ৫০ ও তদূর্দ্ধ অঙ্কেরনূতন পত্রমুদ্রা ২০০৫ সনে পর্যাযক্রমে প্রকাশকরা হবে। আপনি অবগত আছেন যে আরবিআই-এর মুদ্রা যাচাই ও প্রক্রিয়াকরণের পদ্ধতির যান্ত্রিকীকরণ করা হয়েছে। ব্যাংকগুলিকে আরও পরামর্শ দেওয়া হয়েছে যেন তাঁরা যথেষ্ট এবং উপযুক্ত মুদ্রাপরিচালক যন্ত্রের ব্যবস্থা করেন যাতে শুধুমাত্র অ-প্রচারযোগ্য মুদ্রাই নিষ্পত্তির জন্য আরবিআইতে প্রেরিত হয়। ব্যাংকগুলিতে মুদ্রা পরিচালনা ব্যবস্থার যান্ত্রিকীকরণ শুরু হয়ে গেছে। সুতরাং বিদ্যমান নিরাপত্তা উপাদানগুলির প্রস্তাবিত পরিবর্তন গুলি সম্বন্ধে ব্যাংকগুলির ওয়াকিবহাল থাকা অত্যাবশ্যক, যাতে তাঁরা তাঁদের যন্ত্রগুলিতে প্রয়োজনীয় পরিমার্জন সংঘটিত করতে পারেন। টা. ৫০, টা. ১০০. টা. ৫০০ এবং টা. ১০০০-এর নূতন/অতিরিক্ত নিরাপত্তা উপাদানগুলির বিশদ তালিকা এই সঙ্গে সংযোজিত হল। ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হচ্ছে যেন তাঁরা তালিকাটি মনোযোগ সহকারে পাঠ ও পরীক্ষানিরীক্ষাকরেন, এবং নোটগুলির ব্যাপারে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেন।

৩। পত্রমুদ্রার পরিবর্তিত নিরাপত্তা উপাদান সম্বন্ধে তথ্যাদি বিনিময় ও একটি সর্বাঙ্গীন প্রস্তুতিমূলক পরিবেশ সৃষ্টির জন্য উপযুক্ত সময়ে ব্যাংকের মুখ্য নির্বাহীগণের একটি অধিবেশন আয়োজিত হবে, যার জন্য পৃথক ভাবে ঘোষণা করা হবে। বলা বাহুল্য, নূতন মুদ্রা প্রকাশকালে রিজার্ভ ব্যাংক এই উপাদানগুলি সম্বন্ধে জনগণকে সচেতন করার জন্য প্রচারকার্য চালাবে।

ইতি ভবদীয়

স্বাঃ/-
(ইউ এস পালিওয়াল)
চীফ জেনারেল ম্যানেজার

<u>অনুবন্ধ</u>

**Rs.50, Rs.100, Rs.500 ও Rs.1000 অঙ্কের পত্রমুদ্রার বিদ্যমান এবং সংশোধিত/অতিরিক্ত নিরাপত্তা উপাদান**

| ক্রমিক সংখ্যা | উপাদান | অঙ্ক | বিদ্যমান বিনির্দেশ/ নিরাপত্তা উপাদান | প্রস্তাবিত বিনির্দেশ / নিরাপত্তা উপাদান |
|---|---|---|---|---|
| ১ | কাগজ | সব | ব্যাংকনোট এক বিশেষ ধরণের জলছাপযুক্ত কাগজে মুদ্রিত হয় যার অন্তঃস্তরে সূতি কাপড় ও নেকড়া নিহিত থাকে। এরই জন্য নোটের একটি বিশিষ্ট স্পর্শানুভূতি এবং কর্‌করে শব্দ পাওয়া যায়। ওজন টা. ১০ থেকে টা.৫০০-র জন্য ৮২ জিএসএম এবং টা. ১০০০-এর জন্য ৮৭.৫ জিএসএম.<br><u>ক্যালিপার ঘনত্ব</u><br>Rs. 10 থেকে Rs. 500-র জন্য ১০০ মাইক্রন<br>Rs. 1000এর জন্য ১০৫ মাইক্রন | ওজন<br>Rs. 10 থেকে Rs. 500-র জন্য ৯০ জিএসএম( ±৩)<br><br><u>ক্যালিপার ঘনত্ব</u><br>Rs. 10 থেকে Rs. 1000 -এর জন্য ১১০ মাইক্রন( ± ৫ ) |
| ২ | জলছাপ | সব | আলো ও ছায়ার আভাস যুক্ত মহাত্মাগান্ধী জলছাপ এবং জলছাপ গবাক্ষটিতে একাধিক বহুবর্ণরেখা। এই উপাদানটি নোটটিকে আলোর বিপরীতে ধরলে দৃষ্টিগোচর হয়। | বিদ্যমান নিরাপত্তা উপাদান বজায় থাকবে। |
| ৩ | গোপন জলছাপ | সব | গোপন অতিরিক্ত জলছাপ যাতে আরবিআই শব্দটি এবং নোটের অঙ্কটি মুদ্রিত আছে। | বিদ্যমান নিরাপত্তা উপাদান বজায় থাকবে। |
| ৪ | নিরাপত্তা সূত্র | Rs. 1000<br>Rs. 500<br>Rs. 100 | মুদ্রার বিপরীত পৃষ্ঠে পর্যায়ক্রমে দৃশ্যমান একটি পাঠযোগ্য বাতায়ন যুক্ত নিরাপত্তা সূত্র, যাতে Rs. 100 ও Rs. 500-র ক্ষেত্রে ভারত (হিন্দিতে) এবং আর বি আই শব্দ দুটি মুদ্রিত আছে এবং Rs. 1000-এর ক্ষেত্রে অতিরিক্ত ১০০০ সংখ্যাটি মুদ্রার বিপরীত পৃষ্ঠে সম্পূর্ণ নিহিত আছে। আলোতে ধরলে এটি একটি একক অভগ্ন রেখা মনে হয়।<br>Rs. 100 এবং Rs. 500-র | যন্ত্র দ্বারা পাঠযোগ্য বাতায়ন যুক্ত অধাতবীকৃত স্বচ্ছ মুদ্রিত পাঠ সহ চৌম্বক নিরাপত্তা সূত্র যাতে Rs. 100 ওটা. ৫০০-র ক্ষেত্রে ভারত (হিন্দিতে) এবং আর বি আই শব্দ দুটি মুদ্রিত আছে টা. ১০০০-এর ক্ষেত্রে অতিরিক্ত ১০০০ সংখ্যাটি সুনির্দিষ্ট বর্ণ পরিবর্তন সহ বর্তমান আছে। বিভিন্ন কোণ থেকে দেখলে সূত্রটির বর্ণ সবুজ থেকে নীলে পরিবর্তিত হবে। নিরাপত্তা সূত্রটি অতি বেগুনি আলোক রশ্মিতে বিপরীত দিক থেকে হলুদ প্রতিপ্রভাময় দেখাবে এবং মুদ্রিত পাঠ বিপরীত দিকে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Rs. 50 | মুদ্রার নিরাপত্তা সূত্রটি অতি বেগুনি আলোকরশ্মিতে বিপরীত দিক থেকে নীল প্রতিপ্রভাময় দেখায়।<br>Rs. 1000-এর নিরাপত্তা সূত্রটি অতি বেগুনি আলোকরশ্মিতে বিপরীত দিক থেকে সাতরঙা প্রতিপ্রভাময় দেখায়।<br>প্রস্থ<br>Rs. 100 ও Rs. 500-১.২মিমি<br>Rs. 1000 -২ মিমি<br><br>একটি পাঠযোগ্য নীল প্রতিপ্রভ পলিয়েস্টার নির্বাত ধাতবীকৃত সম্পূর্ণ নিহিত নিরাপত্তা সূত্র যাতে ভারত (হিন্দিতে) এবং আরবিআই শব্দদুটি মুদ্রিত আছে।<br>প্রস্থ১.২ মিমি | প্রতিপ্রভ হবে।<br><br>প্রস্থ Rs. 1000 ও Rs. 500 -৩ মিমি<br>Rs. 100 -২ মিমি<br><br>যন্ত্র দ্বারাপাঠযোগ্য বাতায়নযুক্ত অধাতবীকৃত স্বচ্ছ মুদ্রিত পাঠ সহ চৌম্বক নিরাপত্তা সূত্র যাতে ভারত (হিন্দিতে) এবং আরবিআই শব্দদুটি মুদ্রিত আছে এবং যেটি অতি বেগুনি আলোকরশ্মিতে উভয় দিক থেকেই হলুদ প্রতিপ্রভাময় দেখাবে।<br><br>প্রস্থ১.৪ মিমি |
| ৫ | তড়িদ্ বিশ্লেষ্য জলছাপ | সব | বর্তমানে নেই। | নোটের অঙ্ক নির্দেশক উজ্জ্বল জলছাপ মহাত্মা গান্ধী জলছাপের পাশে থাকবে। |
| ৬ | ওমরন অপ্রতিলিপিযোগ্যতা | Rs. 50 ও তদূর্দ্ধ | শুধুমাত্র Rs. 500 ও Rs. 1000 -এ আছে।<br>এই উপাদান সমৃদ্ধ মুদ্রাকে রঙিন ফোটোকপি যন্ত্রে নকল করতে গেলে ভিন্ন রঙের প্রতিলিপি বার হয়। এই উপাদানটি বিএসআই দ্বারা প্রস্তুত এবং বিএসআই ও আরবিআই-এর মধ্যে সমঝোতাক্রমে পত্রমুদ্রায় সন্নিবিষ্ট। | Rs. 100 ও Rs. 50 -এও যুক্ত করা হবে। |
| ৭ | মুদ্রণের সন | সব | বর্তমানে নেই। | মুদ্রণ কালে মুদ্রণের সন নোটের উল্টো পিঠে মুদ্রিত করা হবে। |
| ৮ | পরিবর্তনদৃশ কালি | Rs. 500 ও Rs. | মুদ্রার মধ্যস্থানে অঙ্ক নির্দেশক সংখ্যায় ব্যবহৃত। মুদ্রাটি সমতল | সংখ্যার অক্ষরেরমাপ হ্রাস এবং সংশোধিত নূতন সবুজ থেকে নূতন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | 1000 | থাকলে সংখ্যাটির বর্ণ সবুজ দেখায় এবং কাত করে দেখলে নীল মনে হয়।<br>সংখ্যার অক্ষরের মাপ<br>Rs. 500- ১৩ মিমি X৩০ মিমি (৩৯০বর্গমিমি)<br>Rs. 1000- ১৪.৫মিমিX৩৯মিমি (৫৬৫.৫ বর্গ মিমি) | নীলে বর্ণচলন।<br>Rs. 500 - ১২ মিমিX২৭.৫ মিমি(৩৩০ বর্গমিমি)<br>Rs. 1000 -১২ মিমিX৩৪ মিমি (৪০৮ বর্গমিমি) |
| ৯ | স্বচ্ছ ভাব | সব | মুদ্রার সোজাপিঠে ফাঁপাভাবে ও উল্টোপিঠে ভরাটভাবে মুদ্রিত জলছাপের পার্শ্বস্থ উল্লম্ব ডোরাটির মাঝখানের ছোটো ফুলের নকশাটি দু পিঠেই নিখুঁত সামঞ্জস্য যুক্ত। আলোর সামনে ধরলে একটিই নকশা বলে মনে হয়। | বিদ্যমান নিরাপত্তা উপাদান উন্নত অবস্থায় বজায় থাকবে। |
| ১০ | প্রচ্ছন্ন প্রতিরূপ | সব | মহাত্মা গান্ধীর প্রতিকৃতির ডান দিকে একটি উল্লম্ব ডোরায় অঙ্ক নির্দেশক সংখ্যার একটি প্রচ্ছন্ন প্রতিরূপ আছে। মুদ্রাটিকে চোখের সমান্তরালে ধরলেই কেবল এটি দেখতে পাওয়া যায়। | বিদ্যমান নিরাপত্তা উপাদান উন্নত অবস্থায় বজায় থাকবে। |
| ১১ | অতি ক্ষুদ্র অক্ষর চিত্রণ | সব | মহাত্মা গান্ধীর প্রতিকৃতি ও উল্লম্ব ডোরাটির মাঝখানে অতি ক্ষুদ্র অক্ষর চিত্রণ আছে।Rs. 10-এ ১০ সংখ্যাটি এবং টা. ২০ ও তদূর্দ্ধ অঙ্কের মুদ্রায় আরবিআই শব্দটি অতিরিক্ত আছে। এই উপাদানটি বিবর্ধক কাচের সহায়তায় ভালো করে দেখা যায়। | বিদ্যমান নিরাপত্তা উপাদান বজায় থাকবে। |
| ১২ | ক্ষোদিত মুদ্রণ | সব | হিন্দি ও ইংরাজিতে ব্যাংকের নাম, রিজার্ভব্যাংকের সিলমোহর, প্রত্যাভূতি ও প্রতিশ্রুতি প্রকরণ, বামদিকে অশোক স্তম্ভ প্রতীকচিহ্ন, এবং আরবিআই গভর্নরের স্বাক্ষরক্ষোদিত মুদ্রণঅর্থাত্ উঁচু  উঁচু স্পর্শ দ্বারা অনুধাবনযোগ্য অক্ষরে ছাপা আছে।<br>বর্তমান ক্ষোদিত মুদ্রণের মাপ ছাঁচ তৈরির সময়ে ৮০ মাইক্রন।<br>Rs. 500 এবং Rs. 1000 -র বিপরীত পৃষ্ঠেও ক্ষোদিত মুদ্রণ | কেবলমাত্র মুদ্রার বিপরীত পৃষ্ঠেক্ষোদিত মুদ্রণআরও স্পষ্ট করা হবে... এর জন্য ছাঁচ তৈরির সময়ে গভীরতা বাড়িয়ে ১৩০ মাইক্রন করা হবে।<br>Rs. 500 এবং Rs. 1000 -র শুধুমাত্রবিপরীত পৃষ্ঠেই ক্ষোদিতমুদ্রণ থাকবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | আছে। | |
| ১৩ | পরিচিতি চিহ্ন | সব | Rs. 50-এ একটি চতুষ্কোণ, টা. ১০০-তে একটি ত্রিকোণ, Rs. 500 -তে একটি বৃত্তএবং Rs. 1000 -এ একটি রুহিতন চিহ্ন জলছাপ বাতায়নের বামদিকে ক্ষোদিত মুদ্রণ করা আছে যা দর্শন প্রতিবন্ধীদের মুদ্রার অঙ্ক বুঝতে সাহায্য করে। | খোদাই-এর গভীরতা ৮৩ মাইক্রন থেকে বাড়িয়ে১৬০ মাইক্রন করা হবে। |
| ১৪ | প্রতিপ্রভা | সব | সংখ্যা ফলক তথা মুদ্রার মাঝের অংশে প্রতিপ্রভ কালি আছে। মুদ্রায়অপটিক ফাইবারও আছে। অতি বেগুনি আলোকরশ্মিতেউভয়ই প্রতিপ্রভ দেখায়। | বিদ্যমান নিরাপত্তা উপাদান বজায় থাকবে। |
| ১৫ | অপটিক ফাইবার | সব | একবর্ণীয় অপটিক ফাইবার | দ্বিবর্ণীয় অপটিক ফাইবার |